দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL 26 1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

৩৪

## কামরুন্নেসা গার্লস স্কুলের সুবর্ণজয়ন্তি

কামরুন্নেসা সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ের ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত সুবর্ণজয়ন্তি অনুষ্ঠানের দ্বিতীয় দিন ছিল শনিবার। প্রধান শিক্ষিকা লুৎফুন্নাহারের সভাপতিত্বে সূচনা পর্বের অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী এম এ মান্নান, বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউটের অধ্যাপক মনসুর মুসা এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের ঢাকা অঞ্চলের উপপরিচালক নার্গিস শিরীন রানু। স্বাগত ভাষণ দেন সহকারী প্রধান শিক্ষিকা রওশন আরা। বক্তব্য রাখেন সুবর্ণজয়ন্তি কমিটির সদস্য সচিব আয়েশা জুলিয়াস। স্মৃতিচারণ করেন প্রাক্তন ছাত্রী জিনাত আহমেদ।—বিজ্ঞপ্তি।